

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
মৌলভীবাজার।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২০ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে রচনা, বইপাঠ ও পুস্তক প্রদর্শনী

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২০ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের স্বারক নং ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.৯৯১/১(৭০) তা: ১৭/০৪/১৯ এর নির্দেশনা অনুযায়ী মৌলভীবাজার জেলা সরকারি গণগ্রন্থাগার কর্তৃক রচনা, বইপাঠ প্রতিযোগিতা ও ০২ (দিন) দিন ব্যাপী পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

রচনা ও বইপাঠ প্রতিযোগিতাঃ

বিষয়	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	জমা দানের শেষ তারিখ
রচনা	-	সবার জন্য উন্মুক্ত	নজরুল সাহিত্যে সমাজ ভাবনা	১৫০০	জেলা সরকারি গণগ্রন্থাগার, কোর্ট রোড (কলেজ স্টেডিয়ামের দোতলা) মৌলভীবাজার - এ রচনা ও বইপাঠ প্রতিযোগিতার ফরম জমা দেয়ার শেষ তারিখ: ১৫/০৫/২০১৯ খ্রি। বই পাঠ প্রতিযোগিতার ফরম অত্র গণগ্রন্থাগার থেকে সংগ্রহ করতে হবে।
বইপাঠ	-	সবার জন্য উন্মুক্ত	অত্র গ্রন্থাগারে যে কোন বই		

পুস্তক প্রদর্শনী : জেলা সরকারি গণগ্রন্থাগার, মৌলভীবাজার চত্বরে ০২ (দিন) দিন ব্যাপী নজরুল বিষয়ক পুস্তক প্রদর্শনী আগামী ১৪/০৫/২০১৯ তারিখ থেকে ১৫/০৫/২০১৯ তারিখ (প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৩.০০ টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতায় একদিকে লিখতে হবে, উভয় দিকে লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, প্রতিদ্বন্দ্বীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অথবা উপযুক্ত কর্তৃপক্ষ এবং অন্যান্য প্রতিযোগির রচনা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনায় শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচনাযোগ্য হবে না।

স্বা-
(মোহাম্মদ হাবিবুর রহমান)
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
মৌলভীবাজার।

ফোন নম্বর- ০৮৬১-৬৪১১৭
তারিখ: ২৪/০৪/২০১৯ খ্রিষ্টাব্দ

নং- জেসগগ্র/মৌবা/রচনা/২০১৯/৪৫/১(১২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি অনুরোধসহ প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২. জলা প্রশাসক, মৌলভীবাজার।
৩. অধ্যক্ষ, মৌলভীবাজার সরকারি কলেজ/মৌলভীবাজার সরকারি মহিলা কলেজ, মৌলভীবাজার।
৪. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার।
৬. অধ্যক্ষ,.....মৌলভীবাজার।
৭. জেলা মৌলভীবাজার।
৮. প্রধান শিক্ষক, মৌলভীবাজার।
৯. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
১০. অফিস কপি।

(মোহাম্মদ হাবিবুর রহমান)
লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
মৌলভীবাজার।

